

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
নিম্নতম মজুরী বোর্ড
প্রশাসন শাখা
mwb.portal.gov.bd

নিম্নতম মজুরী বোর্ডের উত্তম চর্চার (Best Practices) তালিকা।

১। উত্তম চর্চা সমূহের শিরোনাম।

(ক) সিটিজেন চার্টার স্থাপন:- নিম্নতম মজুরী বোর্ডের মিশন ও ভিশন জনগণকে অবহিত করার জন্য সিটিজেন চার্টার স্থাপন করা হয়েছে।

(খ) গণশুনানী গ্রহণ:- বোর্ডে নিয়মিত গণশুনানী অনুষ্ঠিত হয় এবং সেবা প্রত্যাশীদের মতামতকে গুরুত্ব দিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

(গ) অভিযোগ বাস্তব স্থাপন:- অভিযোগ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

(ঘ) ফেসবুক আইডি চালুকরণ:- ফেসবুক আইডির মাধ্যমে যে কোনো প্রতিষ্ঠান/গ্রুপ/ব্যক্তিগত মতামত জানা যায় এবং সেমতে প্রয়োজনীয় কার্যক্রম/সিদ্ধান্ত গ্রহণের সহায়ক হয়।

(ঙ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন:- নিম্নতম মজুরী বোর্ডের কাজের গতিশীলতা বৃদ্ধি, সময়মত কাজ করার প্রবণতা দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন, তথ্য অধিকার সম্পর্কিত কার্যক্রম, ই-গভর্নেন্স বাস্তবায়ন, সেবা পদ্ধতি সহজিকরণ স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণ ও অন্যান্য কার্যক্রম গ্রহণ।


(চ) অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজন:- অভ্যন্তরীণ প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিসহ অফিসের যাবতীয় কার্যক্রম সূচারূপে সম্পন্ন করা সম্ভব হচ্ছে।

(ছ) অফিসের পরিচয় পত্র ব্যবহার নিশ্চিতকরণ: অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের পরিচিতি দৃশ্যমান করা এবং অফিসের পরিচিতি প্রকাশে সাহায্য করে।

(জ) বিদ্যুৎ সাশ্রয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ:- প্রয়োজনে ব্যতিত লাইট, ফ্যান, শীতাতপ নিয়ন্ত্রন যন্ত্র বন্ধ রাখা হয় ফলে বিদ্যুৎ সাশ্রয়সহ সরকারের আর্থিক অপচয় রোধ করা হয়।

(ঝ) অনলাইন কার্যক্রম চালুকরণ (ই-ফাইলিং): ই-ফাইলিং চালুর করণের মাধ্যমে অফিসের কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করা, সময় সাশ্রয়, জনবল কম প্রয়োজন হয়, ফাইল, কাগজ পত্র ইত্যাদি যাবতীয় দ্রব্যের ব্যবহার কম হয়। এছাড়া সেবা পদ্ধতি সহজ, কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়।

৩। প্রমাণকঃ- স্থির চিত্র।


রাইসা আকরোজ
সচিব
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার